

তথ্য কমিশনে আজকের শুনানীর ফলাফল

তথ্য কমিশন আদালতে আজ ১১টি অভিযোগের শুনানীশেষে ০৫টি অভিযোগের নিষ্পত্তি করা হয়। ০৬টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারিত হয়।



নিষ্পত্তিকৃত অভিযোগগুলো হচ্ছে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের উপ-সচিব, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর ডেপুটি জেনারেল ম্যানেজার, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী কল্যান ট্রাস্টের সদস্য সচিব, সড়ক ও জনপথ অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী (খারিজের মাধ্যমে নিষ্পত্তি) এবং বিনাইদহ পৌরসভার সচিবের বিরুদ্ধে আনিত অভিযোগ। শুনানীতে আবেদনকারীদের প্রার্থিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের নির্দেশ দেওয়া হয়।

অন্যদিকে কিশোরগঞ্জ সদর উপজেলার সহকারী কমিশনার (ভূমি), জয়দেবপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা, নিবন্ধন পরিদপ্তরের মহাপরিদর্শক, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী কল্যান ট্রাস্টের সদস্য সচিব এবং বাংলাদেশ কর্মচারী কল্যান বোর্ডের চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের উপ-পরিচালকের বিরুদ্ধে আনিত অভিযোগের পরবর্তী শুনানীর দিন ধার্য করা হয়।

শুনানীতে অংশ নেন প্রধান তথ্য কমিশনার অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান, তথ্য কমিশনার জনাব
নেপাল চন্দ্র সরকার এবং তথ্য কমিশনার অধ্যাপক ড. খুরশীদা বেগম সাজ্জিদ।

স্বাঃ-

(লিটন কুমার প্রামাণিক)

জনসংযোগ কর্মকর্তা

তথ্য কমিশন

ফোন-৯১৩৭৩৩২

মোঃ ০১৭১০-৪৩৭২৬৬

E-mail: pro@infocom.gov.bd